

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৪

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৩. যে শিশু (এখনও মাতৃদুগ্ধ ব্যতীত অন্য কোনো) খাদ্য খায় নি, এমন শিশুর পেশাব

بَابُ بَوْلِ الْغُلَامِ الَّذِي لَمْ يَطْعَمْ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ وَحَدَّثَنَا عَنْ يُونُسَ أَيْضًا عَنْ الزُّهْرِيِّ عَنْ  
عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنْ أُمِّ قَيْسٍ بِنْتِ مِحْصَنٍ أَنَّهَا أَتَتْ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ بِابْنٍ لَهَا لَمْ يَبْلُغْ أَنْ يَأْكُلَ الطَّعَامَ فَأَجْلَسَتْهُ فِي حِجْرِهِ فَبَالَ عَلَيْهِ فَدَعَا بِمَاءٍ  
فَنَضَحَهُ وَلَمْ يَغْسِلْهُ  
إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৭৬৪. উম্মু কায়িস বিনতে মিহসান রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট তার এক শিশু পুত্রকে নিয়ে এলেন, যে তখনও খাবার খাওয়ার মতো বয়সে পৌঁছায়নি। তিনি তাকে তাঁর কোলে বসালেন। তখন সে শিশুটি তাঁর কোলে পেশাব করে দিলো। তখন তিনি পানি আনালেন, অতঃপর তা তাঁর (কাপড়ের) উপর ছিটিয়ে দিলেন কিন্তু তিনি তা ধৌত করলেন না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ২২৩; সহীহ মুসলিম ২৮৬; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ১৩৭৩, ১৩৭৪ এ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু কায়িস বিনত মিহসান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=76141>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন